



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
মার্কেটিং ও জিনিং শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৮.০২.০২১.২০.১৩

২১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২২-২৩ মৌসুমের আপ-ল্যান্ড জাতের আঁশতুলা আব্দুল্লাহ জিনিং ফ্যাক্টরীর অনুকূলে বরাদ্দ প্রদান।

সূত্র: আব্দুল্লাহ জিনিং ফ্যাক্টরীর গত ১৪-০১-২০২৪ খ্রিঃ তারিখের পত্র মোতাবেক।

সূত্রস্থ তারিখে আপনার আবেদনের প্রেক্ষিতে গত ২০২২-২৩ মৌসুমের আপ-ল্যান্ড জাতের ৯০,১১৪.৭০ পাউন্ড আঁশতুলা নিম্নোক্ত ছক অনুযায়ী আপনার সংস্থার অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। বেলিংকৃত প্রতি পাউন্ড আঁশতুলার ভ্যাট ও উৎসে করসহ মূল্য ৯০.০০ (তুলার মূল্য ৭৪.২৫ + ভ্যাট- ৬.৭৫ + উৎসে কর- ৯.০০) টাকা দরে ৯০,১১৪.৭০ পাউন্ড আঁশতুলার মূল্য ৮১,১০,৩২৩.০০ (একাশি লক্ষ দশ হাজার তিনশত তেইশ) টাকা। যার মধ্যে আবেদন পত্রের সাথে ৪,০৬,০০০.০০ (চার লক্ষ ছয় হাজার) টাকা (যাহার পে- অর্ডার নম্বর- OI100-A-1430303, তাং- ১৪-০১-২০২৪খ্রিঃ, পূবালী ব্যাংক লি. খামারবাড়ি, শাখা) অগ্রীম জমা প্রদান করেছেন। অবশিষ্ট (৮১,১০,৩২৩.০০ - ৪,০৬,০০০.০০) টাকা বা ৭৭,০৪,৩২৩.০০ (সাতাত্তর লক্ষ চার হাজার তিনশত তেইশ) টাকা আগামী ১৫ (পনের) কর্মদিবস মধ্যে নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, ফার্মগেট, ঢাকা এর অনুকূলে ডিডি/পে-অর্ডার এর মাধ্যমে জমা প্রদান করে আঁশতুলার সরবরাহ আদেশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। সরবরাহ আদেশের ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সমুদয় আঁশতুলা সরবরাহ নিতে ব্যর্থ হলে এই বরাদ্দ পত্র বাতিল বলে গণ্য হবে এবং আবেদন পত্রের সাথে অগ্রীম জমাকৃত অর্থও বাজেয়াপ্ত বলে গণ্য হবে। উল্লেখ্য যে, আঁশতুলা গ্রহণকারী প্রতিনিধির স্বাক্ষর অব্যাহত সত্যায়িত করে (সংস্থার নিজস্ব প্যাডে আপনার কর্তৃক সত্যায়িত) অত্র দপ্তরে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

২০২২-২৩ মৌসুমের কেন্দ্র ভিত্তিক মজুদ আপ-ল্যান্ড জাতের আঁশতুলার পরিমাণ

ক্র. নং	কেন্দ্রের নাম	আপ-ল্যান্ড জাতের আঁশতুলার পরিমাণ	
		টেন্ডারে বিক্রয় (পাউন্ড)	বেলিংকৃত
১	তুলা গবেষণা কেন্দ্র, শ্রীপুর, গাজীপুর	৪২,৯৯৫.৫৮	বেলিংকৃত
২	তুলা গবেষণা কেন্দ্র, জগদীশপুর, যশোর	৪৭,১১৯.১২	বেলিংকৃত
সর্বমোট =		৯০,১১৪.৭০	বেলিংকৃত

০৪-০২-২০২৪

ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

আব্দুল্লাহ জিনিং ফ্যাক্টরী, ১৭৫, নুরুদ্দীন আহমেদ সড়ক, উত্তর লাহিলী বটতলা, কুষ্টিয়া।।

২১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৮.০২.০২১.২০.১৩/১ (২)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড এবং
- ২। হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), হিসাব শাখা, তুলা উন্নয়ন বোর্ড।



০৫-০২-২০২৪

মুহাম্মদ মোফাজ্জল হোসেন
সিনিয়র জিনিং অফিসার